দাম : ৪ টাকা

# কর্মসংস্থান

www.karmosangsthan.com

Vol. 34 ■ Issue No. 51 ■ 25th December 2021 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88

VANIK
NATIONAL HELP LINE 83-38-05-00-77
Bank | SSC | Rail
Regular(Afternoon 2.00pm to 6.00pm)3rd Jan. 2022
Weekend (Sat. & Sun.)8th January 2022
IAS | WBCS | PSC
Regular (9.30am to 4.30pm)3rd Jan. 2022
Exclusive WBCS Batch
Weekend (Sat. & Sun.) 8th January 2022
Follow us on www.facebook.com/vanikkolkata | www.vanik.org | vanik.kol@gmail.com

## ২৭৭ আশা কর্মী

**নিজস্ব সংবাদদাতা :** শিলিগুড়ি, সদর দার্জিলিং, মিরিক ও কার্শিয়াং সাব-ডিভিশনাল অফিসারের অধীন বিভিন্ন ব্লকের উপস্বাস্থ্য কেন্দ্রে কাজের জন্য 'আশা' কর্মী পদে ২৭৭ জন তরুণী নেওয়া হচ্ছে। কারা আবেদনের যোগ্য :

মাধ্যমিক পাশ বা, মাধ্যমিকে অকৃতকার্য বিবাহিতা, বিধবা বা, বিবাহবিচ্ছিন্না মহিলারা আবেদন

☞ এরপর ৫ পাতায়

## ২৭ জুনিয়র টেকনিশিয়ান

**নিজস্ব সংবাদদাতা :** কেন্দ্রীয় সরকারের সিকিউরিটি প্রিন্টিং অ্যান্ড মিন্টিং কর্পোরেশন অফ ইন্ডিয়া লিমিটেডের অধীন সিকিউরিটি প্রিন্টিং প্রেস 'জুনিয়র টেকনিশিয়ান' ও 'ফায়ারম্যান' পদে ২৭ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

☞ এরপর ৪ পাতায়

# রাজ্য বিদ্যুৎ সংস্থায় ৪১৪ জুনিয়র ইঞ্জিনিয়ার

**ডিপ্লোমা ও গ্র্যাজুয়েট ছেলেমেয়ের**

**নিজস্ব সংবাদদাতা :** পশ্চিমবঙ্গ সরকারের অধীন সংস্থা পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ সম্প্রসারণ কোম্পানি লিমিটেড (WBSETCL) 'জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল) গ্রেড-।।' ও 'জুনিয়র এক্সিকিউটিভ (স্টোর্স)' পদে ৪১৪ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল) গ্রেড-।। :** পশ্চিমবঙ্গ রাজ্য কারিগরি শিক্ষা সংসদের অনুমোদিত কোনো

☞ এরপর ৫ পাতায়

Last Chance to Admission
few seats left
GNM and B.Sc নার্সিং
KALYANI
Reliable
Ph. : 7003007707

# কোস্ট গার্ডে ৩২২ নাবিক

**নিজস্ব সংবাদদাতা :** ভারতীয় উপকূল রক্ষীবাহিনী (ইন্ডিয়ান কোস্ট গার্ড) 'নাবিক ডোমেস্টিক ব্রাঞ্চ', 'নাবিক (জেনারেল ডিউটি)' ও 'যান্ত্রিক' পদে ৩২২ জন লোক নিচ্ছে। এই পদের ব্যাচ নং : 02/2022. কারা কোন পদের জন্য যোগ্য :

**নাবিক (জেনারেল ডিউটি) :** অঙ্ক ও ফিজিক্স বিষয় নিয়ে সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২২ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ১-৮-২০০০ থেকে ৩১-৭-২০০৪'এর মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। দৃষ্টিশক্তি হতে হবে চশমা ছাড়া ভালো চোখে ৬/৬ ও খারাপ চোখে ৬/৯। চশমা থাকলে যোগ্য নন। বেসিক পে : ২১,৭০০ টাকা।

শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫৭ (গোর্খা, নেপালী ও অসমীয়া হলে ১৫২) সেমি আর উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ বুকের ছাতি (অন্তত ৫ সেমি প্রসারণক্ষম) ও স্বাভাবিক

☞ এরপর ৬ পাতায়

DIRECT ADMISSION
D.El.Ed.
(2020-22)
Save 1 Year
Lowest Course Fees
EDUCATION WORK CENTRE
বনগাঁ
7478553575, 8926311176

# ক্লার্কশিপের মেধা তালিকায় ৯,৬৯৩ জনের ভেরিফিকেশন শুরু

**রঞ্জিৎ ঘোষ :** পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের ২০১৯ সালের ক্লার্কশিপ পার্ট-।। পরীক্ষায় সফলদের টাইপিং টেস্টের তালিকা প্রকাশিত হল। মোট শূন্যপদের ১.৪ গুণ (১:১.৪) প্রার্থীর নাম ধরে ৯,৬৯৩ জনের নামের তালিকা প্রকাশ করা হয়েছে। এই সব প্রার্থীদের প্রথমে টাইপিং টেস্টের জন্য ডকুমেন্টেশন ফর্ম জমা নেওয়া হচ্ছে। যাঁদের নাম ওই তালিকায় আছে, তাঁদের নিচের এই সব প্রমাণপত্র গ্র-প-এ অফিসারকে দিয়ে অ্যাটেস্টেড করে

☞ এরপর ৪ পাতায়

# কেন্দ্রীয় সংস্থায় ১৭৪ অফিসার

**নিজস্ব সংবাদদাতা :** কেন্দ্রীয় সরকারের প্রতিরক্ষা মন্ত্রকের অধীন ডিপার্টমেন্ট অফ ডিফেন্স প্রোডাকশন-এ কাজের জন্য 'অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার' আর সেন্ট্রাল লেবার সার্ভিসে কাজের জন্য 'জুনিয়র টাইম স্কেল' পদে ১৭৪ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**ভ্যাকান্সি নং : 21121902625: অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার**

**কোয়ালিটি অ্যাসিওরেন্স (আর্মানেন্ট অ্যামিউনিশন) :** ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা আবেদন করতে পারেন। ইঞ্জিনিয়ারিংয়ের কাজে অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। পে স্কেল লেভেল -৭ম পে ম্যাট্রিক্স। শূন্যপদ : ২৯টি (জেনাঃ ১৪, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৮, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২)। চাকরি হবে ডিপার্টমেন্ট অফ ডিফেন্স প্রোডাকশন-এ।

**ভ্যাকান্সি নং : 21121903625:**

☞ এরপর ৪ পাতায়

বিনামূল্যে GNM ও B.Sc.
নার্সিং কোর্সে ভর্তির শেষ সুযোগ!
(Session 2021-22)
এডুকেশন লোন ও স্টুডেন্ট ক্রেডিট কার্ডের সুবিধা

**নিজস্ব প্রতিবেদন :** বর্তমানে করোনা (Covid-19) অতিমারির ভয়াবহ পরিস্থিতির কথা মাথায় রেখে গভঃ স্বীকৃত স্বেচ্ছাসেবী সংস্থা 'Angel Institute of Education & Research Foundation' এর উদ্যোগে অর্থনৈতিক দিক দিয়ে পিছিয়ে পড়া এবং করোনার প্রকোপে অর্থাভাবে ভর্তি হতে পারছে না এমন মেধাবী ছাত্রছাত্রী যারা নার্সিং পড়তে আগ্রহী তাদের ত্রাতা তথা পথপ্রদর্শক এর ভূমিকায় অবতীর্ণ হল।

**যোগ্যতা :** উচ্চমাধ্যমিকে ন্যূনতম 70% নম্বর পাওয়া এবং মাধ্যমিকে ন্যূনতম 60% নম্বর পাওয়া ছাত্রছাত্রীরা আবেদন যোগ্য।

**অন্যান্য সুযোগ সুবিধা :** • কলেজের নিজস্ব ক্যাম্পাস ও হস্টেলে থেকে খেয়ে পড়াশোনায় সুযোগ।
• কলেজ গভঃ স্বীকৃত, স্টেট নার্সিং কাউন্সিল ও ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল স্বীকৃতি প্রাপ্ত।
• শিক্ষান্তে 100% Job.
• সার্টিফিকেট সরকারি ও বেসরকারি চাকরিতে 100% মান্যতাপ্রাপ্ত।

**আরও বিশদে জানতে :** জেলাভিত্তিক স্বেচ্ছাসেবী সংস্থার অফিসগুলিতে যোগাযোগ করুন নিম্নলিখিত দেওয়া ফোন নম্বরগুলিতে এবং নিজের নাম নথিভুক্ত করান ফ্রি কাউন্সিলিং ও বিনামূল্যে ভর্তির সুযোগ পেতে। *(T&C Apply)

বারাসাত : 8583997727 কলকাতা : 9830687078
বর্ধমান : 8334081245 রামপুরহাট : 8334081245

* Note : Free in terms of only admission fees not college course fees.

# কোস্ট গার্ডে ৮২ ড্রাইভার, স্টোরকীপার

**নিজস্ব সংবাদদাতা :** ভারতীয় উপকূল রক্ষীবাহিনীর (ইন্ডিয়ান কোস্ট গার্ড) পশ্চিম রিজিয়ন ফায়ারম্যান, সিভিলিয়ন মোটর ট্রান্সপোর্ট ড্রাইভার, মোটর ট্রান্সপোর্ট ফিটার, মাল্টি টাস্কিং স্টাফ ও স্টোরকীপার পদে ৮২ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**ফায়ারম্যান :** মাধ্যমিক পাশরা শারীরিকভাবে সক্ষম থাকলে আর ফায়ারম্যান পদে কাজ করায় আগ্রহী থাকলে যোগ্য। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬৫ সেমি, বুকের ছাতি না-ফুলিয়ে ৮১.৫ সেমি ও ফুলিয়ে ৮৫ সেমি আর ওজন

☞ এরপর ৫ পাতায়

ভেতরের পাতায় আছে
☞ আই.বি.পি.এস ক্লার্ক পদের পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর
☞ কীভাবে কম পুঁজিতে চানাচুর তৈরির ব্যবসা করবেন

## ১২ এক্সিকিউটিভ

**নিজস্ব সংবাদদাতা :** কেন্দ্রীয় সরকারি সংস্থা, এন.বি.সি.সি. (ইন্ডিয়া) লিমিটেড 'মার্কেটিং এক্সিকিউটিভ' পদে ১২ জন লোক নিচ্ছে। মার্কেটিং স্পেশালাইজেশন হিসাবে নিয়ে ম্যানেজমেন্টের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কিংবা এম.বি.এ. কোর্স পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৫৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য। রিয়েল এস্টেট ফার্ম, ব্রোকারেজ এজেন্সি ইত্যাদি ক্ষেত্রে অন্তত ২ বছরের

☞ এরপর ৮ পাতায়

## নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ে

# প্রি-প্রাইমারি, নিডল ওয়ার্ক, ফায়ার সেফটি ও ড্রেস ডিজাইনিং কোর্সে ভরতি

**নিজস্ব সংবাদদাতা :** নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ে কয়েকটি ভোকেশনাল কোর্সে ভরতি শুরু হয়েছে। পড়ানো হবে এইসব কোর্স :

(ক) ডিপ্লোমা ইন প্রি-প্রাইমারি টিচার্স এডুকেশন- মন্তেশ্বরী : উচ্চমাধ্যমিক পাশরা যোগ্য। ১ বছরের কোর্স। ফী ৮,০০০ টাকা। পড়ানো হবে এইসব প্রতিষ্ঠানে : (1) Pranavananda Institute of Management & Technology— (a) Kolkata : M- 9331256934 / 9830216056, (b) Pranab Kanya, Hridaypur : 8334079669,

☞ এরপর ৮ পাতায়

পশ্চিমবঙ্গে সর্বপ্রথম একেবারে নতুন আঙ্গিকে ও নতুনভাবে সৃষ্টি
রেলওয়ে গ্রুপ -ডি
রেলওয়ে NTPC (মেন)
জেনারেল স্টাডিজ অ্যাডভান্স 2022
জেনারেল নলেজ এনসাইক্লোপিডিয়া 2022
জেনারেল নলেজ MCQ (20000+) 2022
SSC গ্রুপ সি | SSC গ্রুপ ডি
SSC কনস্টেবল ও রাইফেলম্যান (GD)
জেনারেল নলেজ অ্যান্ড কারেন্ট অ্যাফেয়ার্স -২০২২
কলকাতা পুলিশ সাব-ইন্সপেক্টর, লেডি-সাব-ইন্সপেক্টর ও সার্জেন্ট
SSC Preliminary Test (IX-X & XI-XII)
শিশু মনস্তত্ত্ব ও শিশু বিকাশ
তপতী® পাবলিশার্স
৯/৪ টেমার লেন, কোলকাতা-৯
E.mail: tapatipublishers@gmail.com

**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন,
কলকাতা - ৭০০ ০১৯
হেল্প লাইন
✆ : (০৩৩) ২৪৬০ ৬২১১/
৬২১২/৮২৩৪
ফ্যাক্স নং : ২৪৬০ ৮২৩৩
নয়াদিল্লি কার্যালয়
রুম নং - ১০২ অ্যানেক্স,
আই.এন.এস বিল্ডিং, রফি মার্গ
নয়াদিল্লি-১১০ ০০১
ফোন : ০৯৮১৮৬৭৫২৮৩

## স্কুল-কলেজ-শিক্ষা

JAI HIND COACHING. 45 days Marathons Crack Coaching, RRB Group D Rs. 1000/- only, চন্দননগর, Mob: 8100454583. B

**মাসিক মাহিনায় কোচিং**
By exp. faculty specially for CGL, HS Lvl, MTS, WBCS, TET (Eng.+Math.) & Comb. কলকাতা (কলেজ স্ট্রিট), নৈহাটি, মগরা (হুগলি) । M: 9073447917 SH

## স্কুল-কলেজ-শিক্ষা

WBCS, PSC, IBPS, SSC. Above 80% success for Govt. Service. Mrs. Maity. Ph : 98741 21627. SH(S)

ভর্তির আবেদন — IRHAH রিসার্চ & এডুকেশন (UGC approved Courses) ডিপ্লোমা : অর্থোপেডিক, ফার্মাসি, রুরাল ডক্টর, OT, DNYS, BNYS, GNM, ANM, Public Health (B/মাস্টার), M : 7890294680, www.irhah.org B

## কর্মখালি

**জাহাজ ও ডকে চাকরি**
W.B Kol. L/C No.- WB Kol-70N65, পঃ বাংলার বিভিন্ন জেলার কর্মপ্রার্থীদের বিভিন্ন পদে ও বিভিন্ন বেতনে প্রচুর M/F নিয়োগ করানো হচ্ছে। Salary : 21,750/--36,500/-. থাকা-খাওয়া সহ ছুটি, বোনাস, ESI, PF, এছাড়া 4 মাস 15 দিন কাজ করার পর 23 দিনের ছুটি with salary, পোস্টিং এরিয়া পঃ বাংলার বিভিন্ন প্রান্তে, যোগাযোগ- Help - 8327329779 SA

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

## কর্মখালি

**Airtel / JIO Fibre**
কাস্টমার কেয়ারে (10-6 pm) রাজ্যের বিভিন্ন জেলা থেকে (HS-MA) M/F কর্মী নিয়োগ চলছে। বয়স (18-35), বেতন (15,800-25,500)+PF+ESI+মেস। Kol-08, বেহালা - 9330835785, দমদম -9007643515. R

মধ্য কলকাতার কারখানায় পুরুষ কর্মী চাই। বয়স : ২০ থেকে ৪০ বছর। বেতন আলোচনা সাপেক্ষ। 8240484603 সময় 2PM–5PM SH(S)

**URGENT JOINING BANK – AIRPORT**
Govt. L. No.-WB5252, পঃবঃ ও উঃবঙ্গের প্রতিটি জেলায় বিনা ডোনেশনে M/F কর্মী চাই। (নামসই-স্নাতক) বেতন - 17,500 – 43,300, থাকা-খাওয়া ফ্রি। যোগাযোগ M : 9432057063 SA

**Airport ও ব্যাঙ্কে চাকরি WB L/C-No.-7420W62**
পঃবঃ-সহ উঃবঙ্গের প্রত্যেকটা জেলায় M/F কর্মী নিয়োগ চলছে। নামসই - স্নাতক, বেতন : 12,600/--72,200/-. পোস্ট ম্যানেজার, ব্যাঙ্ক অফিস, পিওন, ডাটা এন্ট্রি, ইঞ্জিনিয়ার-সহ S/V, Ex-আর্মিদের বিশেষ ছাড়। Online ফর্ম, M : 7432863436 SA

## কর্মখালি

**জেলাভিত্তিক স্থায়ী কাজ**
প্রতিটি জেলায় Pvt স্বাস্থ্য কেন্দ্রে, ATM গার্ড, টাওয়ার Co., ফ্যাক্টরি, শপিংমলে, কর্মী নিয়োগ। বেতন : 12,500/--19,600/-, যোগাযোগ M : 8276013564 SA

**শীঘ্রই লোক চাই**
প্যাকিং /লেবেলিং-এর কাজে ছেলেমেয়ে চাই। 15,200+ PF + ESI যে কোনো যোগ্যতায়। সুরক্ষা আয়া সেন্টার। M-8420058741 R

**ব্যাঙ্কে DSA-তে চাকরি**
পঃবঃ 20টি জেলায় বিনা ডোনেশনে M/F নিয়োগ চলছে। যোগ্যতা। ৮ম-স্নাতক। বেতন : 14,600/--72,200/-. পোস্ট : ম্যানেজার, ব্যাঙ্ক অফিস, পিওন, ডাটা-এন্ট্রি। Ex আর্মিদের বিশেষ সুবিধা আছে। যোগাযোগ M : 8001171371 SA

**প্রাঃ ব্যাঙ্কে স্থায়ী জব**
WB L/C No. Kol-50W85, পঃ বাংলার বিভিন্ন প্রান্তে Pvt. Bank-এ Back-office, এছাড়া বিভিন্ন পদে ও বিভিন্ন বেতনে প্রচুর M/F জেলা ভিত্তিক নিয়োগ করানো হচ্ছে। বেতন : 18,500/--34,700/-. ছুটি, বোনাস, ESI, PF, এছাড়া অন্যান্য সুবিধা থাকবে। Help - 8697410492 SA

## কর্মখালি

**সরাসরি কর্মী নিয়োগ**
প্রতিটি জেলায় ATM গার্ড, টাওয়ার Co., শপিং মলে, Pvt. Co., ফ্যাক্টরি, স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ চলছে। বেতন : 12,500-22,500. যোগাযোগ - M : 9051457091 SA

**আর্জেন্ট জব**
বিনা ডোনেশনে Airport ও ব্যাঙ্কে অষ্টম-স্নাতক M/F কর্মী চাই। বেতন : 17,600/48,900. থাকা-খাওয়া ফ্রি। M : 9733672376 SA

**Airport ও ব্যাঙ্ক**
Govt. R.No.-6852 বিনা ডোনেশনে এয়ারপোর্ট ও Bank-এ অষ্টম /স্নাতক কর্মী নিচ্ছে। বেতন - 18,400–42,700, থাকা-খাওয়া ফ্রী। M : 9593463109 SA

## কর্মখালি

**Airport ও ব্যাঙ্ক**
পঃবঃ স্বীকৃত Airport ও ব্যাঙ্কে বিনা ডোনেশনে (অষ্টম-স্নাতক) M/F চাই। বেতন : 20,300/- – 47,800/- যোগাযোগ M : 8145187988 SA

AXIS, HDFC, বন্ধন, ব্যাঙ্ক DSA-তে নিজজেলায় বিভিন্ন পদে M/F চাই। বেতন : 15K–22K, + PF, ESI. Mob: 9432665439 SA

**এয়ারপোর্ট ও ব্যাঙ্কে জব**
Govt. R-No : 63741 বিনা ডোনেশনে Airport ও ব্যাঙ্কে কর্মী চাই। বেতন : 17,300/--48,700/- থাকা-খাওয়া ফ্রি, যোগাযোগ M- 7551880381 SA(A)

**দেখে বুঝে পা ফেলুন**
চাকরির লোভে অথবা কোনো সাহায়ক টাকা দেবেন না। কোনো বিজ্ঞাপনদাতাকে টাকা দিয়ে ঠকলে, আমরা কোনোভাবে দায়বদ্ধ নয়।
— সম্পাদক, 'কর্মসংস্থান'

## কর্মখালি

**আর্জেন্ট কর্মী নিয়োগ**
প্রতিটি জেলায় Pvt. নার্সিং হোম, কোম্পানি, শপিং মল, ফ্যাক্টরিতে, টাওয়ার Co.-তে, ATM- এ কর্মী নিয়োগ চলছে। বেতন : 12,500/--18,300/-. থাকা খাওয়া ফ্রী। যোগাযোগ Mob : 8695361067. SA

**ডাইরেক্ট জয়েনিং**
বিনা ডোনেশনে Airport ও ব্যাঙ্কে অষ্টম/স্নাতক M/F কর্মী চাই। বেতন - 17,400 / 47,800. থাকা ফ্রি। M : 9593608176. SA

দরখাস্ত পাঠানোর আগে ফর্ম-সহ যাবতীয় প্রমাণপত্রের এক কপি জেরক্স নিজের কাছে রেখে দেবেন।

রেলের গ্রুপ 'ডি' পদের পরীক্ষা শুরু হবে ২০২২ সালের ২৩ ফেব্রুয়ারি থেকে। হাতে আর মাত্র কয়েক মাস। এই পরীক্ষাতে প্রশ্ন কেমন আসবে, সিলেবাস কী, কীভাবে পড়লে লিখিত পরীক্ষায় সহজেই পাশ করতে পারবেন। প্রত্যেকটি বড় পরীক্ষার আগেই ওই পরীক্ষা নিয়ে আমাদের দফতরে কয়েক লাখ ই-মেল, চিঠি আসে, তাতে সবাই 'লাস্ট মিনিট সাজেশন' দেওয়ার অনুরোধ করেন। মিসলেনিয়াস প্রিলি. পরীক্ষা, ডব্লু.বি.সি.এস প্রিলি. পরীক্ষা, ক্লার্কশিপ, আই.সি.ডি.এস, নার্সিং পরীক্ষা অর্থাৎ, এবছরে হওয়া সব বড় পরীক্ষাতেই 'কর্মসংস্থান'এ প্রকাশিত প্রশ্নোত্তরের সেট থেকে অনেক প্রশ্ন সরাসরি কমন এসেছে। এছাড়া রেলের **NTPC** পদের **CBT-1** পরীক্ষাতেও অনেক প্রশ্ন হুবহু কমন এসেছে। সেইজন্যই হয়তো এতো অনুরোধ। তাই আমাদের লাখ-লাখ পাঠক-পাঠিকাদের অনুরোধ মাথায় রেখে এই পরীক্ষার সম্ভাব্য ৪৫টি প্রশ্নোত্তর দেওয়া হল। পরিকল্পনা ও রূপায়নে রঞ্জিৎ ঘোষ।

*'লাস্ট মিনিট সাজেশন'*

# রেলের গ্রুপ 'ডি' পদের পরীক্ষার

ই-মেল : karmajiggasa@gmail.com

1. আলমাট্টি বাঁধটি কোন নদীর তীরে অবস্থিত? (RRB Gr-D 2008)
(A) কৃষ্ণা (B) কাবেরি (C) গোদাবরী (D) মহানদী

2. দীন-ই-ইলাহী কে প্রতিষ্ঠা করেন? (RRB Gr-D 2008)
(A) শাহজাহান (B) আকবর (C) বাবর (D) জাহাঙ্গীর

3. নিচের সিরিজে (?) এই স্থানে কী বসবে? (RRB Gr-D 2008)
7, 10, 14, ?, 25, 32
(A) 15 (B) 18 (C) 19 (D) 20

4. নীচের কোন নৃত্যটি তেলেঙ্গানা রাজ্যে জনপ্রিয়? (RRB Gr-D 2008)
(A) মোহিনীয়াট্টম (B) সত্রিয়া (C) পেরিনি সিভাটান্ডাভাম (D) ভরতনাট্যম

5. $\frac{3}{4}+\left\{\frac{3}{4}+\frac{3}{4}+\left(\frac{3}{4}+\frac{3}{4}\right)\right\}=?$
(A) $\frac{3}{4}$ (B) 2 (C) $\frac{3}{8}$ (D) 10

6. কার সময়কালে ভারতে প্রথম জনগণনা হয়?
(A) লর্ড মেয়ো (B) লর্ড ডাফরিন (C) লর্ড রিপন (D) লর্ড লিটন

7. মোক্তার উত্তর দিকে 20 মিটার হেঁটে যায়। এরপর ডানদিকে ঘুরে সে 30 মিটার হাঁটে। এরপর আবার ডান দিকে ঘুরে 35 মিটার যায়। এরপর বাম দিকে ঘুরে 15 মিটার যায়। তারপর আবার বাম দিকে ঘুরে 15 মিটার যায়। মোক্তার বর্তমানে তার শুরুর স্থান থেকে কত দূরে এবং কোন দিকে আছে?
(A) 45 মিটার পূর্বে (B) 15 মিটার পশ্চিমে
(C) 30 মিটার পূর্বে (D) 30 মিটার পশ্চিমে

8. দু'টি সংখ্যার যোগফল (sum) 27 ও গুণফল (product) 182 হলে, ছোট (smaller) সংখ্যাটি কত?
(A) 12 (B) 16 (C) 13 (D) 14

9. নীচের কোন্ যন্ত্রটি অতি উচ্চ তাপমাত্রা পরিমাপ করতে সক্ষম?
(A) পাইরোমিটার (B) ফোটোমিটার
(C) ফিরজিওমিটার (D) সোলারিমিটার

10. কোনো দোকানদার কী অনুপাতে (ratio) প্রতি কেজি 15 টাকা ও প্রতি কেজি 12 টাকা দামের চিনি মিশ্রণ করে প্রতি কেজি চিনি 16.50 টাকায় বিক্রি করলে তার 20% লাভ হবে?
(A) 3 : 7 (B) 7 : 3 (C) 5 : 7 (D) 7 : 5

11. রেজিস্তান (Registan) মরুভূমি কোথায় অবস্থিত? (RRB Gr-D 2008)
(A) ভারত (B) আফগান-ই-স্তান (C) পাক-ই-স্তান (D) নেপাল

12. মিথাইল অ্যালকোহল ও ইথাইল অ্যালকোহল আণবিক ভরে —— এককদ্বারা পৃথক। (RRB Gr-D 2008)
(A) 14 (B) 15 (C) 16 (D) 17

13. নীচের ছবিটিতে কতগুলি ত্রিভুজ (triangle) আছে?

(A) 11 (B) 12
(C) 13 (D) 14

14. দেহের ভারসাম্য নিয়ন্ত্রণ করে —
(A) গুরুমস্তিষ্ক (B) যোজক (C) লঘু মস্তিষ্ক (D) সুষুম্নাশীর্ষক

15. 3 জন বালক ও 3 জন বালিকা মিলে একটি কাজ $\frac{6}{5}$ ঘন্টায় শেষ করতে পারে। 1 জন বালক ও 1 জন বালিকা ওই কাজটি কত ঘন্টায় শেষ করতে পারবে? (RRB Gr-D 2008)
(A) 3 (B) $\frac{21}{5}$ (C) $\frac{18}{5}$ (D) $\frac{12}{5}$

16. শূন্যস্থানে কী বসবে? (RRB Gr-D 2008)
22B, 2Y, 24D, 4W, 26F, ------
(A) 6V (B) 6Y (C) 6U (D) 6Q

17. বেমানানটি বের করুন — (RRB Gr-D 2008)

| | | | |
|---|---|---|---|
| π | ∑ | ∫ | A |

(A) (B) (C) (D)

18. পিয়ালী নীতার থেকে লম্বা কিন্তু সরিতার থেকে বেঁটে নয়, সরিতা ও মালিনীর উচ্চতা সমান। পিয়ালী হেমার থেকে বেঁটে। উচ্চতায় এদের মধ্যে দ্বিতীয় কে?
(A) পিয়ালী (B) নির্ণয় করা সম্ভব নয় (C) নীতা (D) হেমা

19. যদি '+' মানে '×', '÷' মানে '–', '×' মানে '+', '–' মানে '÷' হয়, তবে (2 + 27 – 3 + 2 3 2) এর মান নির্ণয় করুন।
(A) 35 (B) 39 (C) 37 (D) 27

20. ভারতের কোন রাজ্যে সর্বপ্রথম কফি চাষের প্রচলন হয়?
(A) কর্ণাটক (B) কেরালা (C) তামিলনাড়ু (D) অন্ধ্রপ্রদেশ

21. কোনো সংখ্যার 25%-এর সঙ্গে 150-এর 30% যোগ (sum) করলে 75 হয়। সংখ্যাটি কত?
(A) 120 (B) 102 (C) 220 (D) 210

22. নীচের কোনটি একটি 'বামনগ্রহ' নয়?
(A) প্লুটো (B) ইরিস (C) নেপচুন (D) সিরেস

23. পিতার বয়স পুত্রের বয়সের তিনগুণ। 12 বছর পর যদি পিতার বয়স পুত্রের বয়সের দ্বিগুণ হয়, তবে পুত্রের বর্তমান বয়স কত?
(A) 10 বছর (B) 14 বছর (C) 12 বছর (D) 36 বছর

24. সঠিক বর্ণমালা দিয়ে শূন্যস্থানগুলি পূরণ করো : _ a _ bca_ dabba _ bac _ c _ a
(A) adcdba (B) acbdab (C) acdbba (D) acbdba

25. কোন মহাদেশে 'পম্পাস' তৃণভূমি দেখা যায়?
(A) এশিয়া (B) দক্ষিণ আমেরিকা (C) আফ্রিকা (D) উত্তর আমেরিকা

26. A, B, C, D, E এবং F এই ছয় বন্ধু এক বেঞ্চে বসে আছে। E ও F মাঝখানে বসে আছে। A ও B দুই প্রান্তে বসে আছে। যদি C, A -এর একদম বামদিকেই বসে থাকে, তাহলে B -র একদম ডানদিকে কে বসে আছে?
(A) D (B) E (C) A (D) C

27. একটি পাত্রে দুধ ও জলের মিশ্রণে 80% জল আছে। 60 লিটার এই মিশ্রণে কতটা দুধ মেশালে, সেই মিশ্রণে 75% জল থাকবে?
(A) 4 লিটার (B) 10 লিটার (C) 6 লিটার (D) 8 লিটার

28. নীচের কোনটি দীর্ঘতম নদী?
(A) গঙ্গা (B) গোদাবরী (C) সিন্ধু (D) ব্রহ্মপুত্র

29. T -এর বাবা হল X -এর পুত্র। P হল T -এর কাকা। Y হল X এর ভাই। তাহলে Y, P -এর কে হয়?
(A) কাকা (B) বাবা (C) ভাইপো (D) দাদা

30. দু'টি সংখ্যার গ.সা.গু. ও ল.সা.গু. যথাক্রমে 32 এবং 1760 হলে, ক্ষুদ্রতর সংখ্যাটি কত?
(A) 160 (B) 102 (C) 110 (D) 152

31. (?) স্থানে কি বসবে?
গরম : ফুটন্ত :: ঠান্ডা : ?
(A) গরম (B) বরফ (C) জমে যাওয়া (D) জমাট

32. সিমলিপাল জাতীয় উদ্যান কোথায় অবস্থিত?
(A) ঝাড়খণ্ড (B) বিহার (C) ওড়িশা (D) তেলেঙ্গানা

33. কোন শব্দটি নীচের গোষ্ঠীর সঙ্গে সম্পর্কযুক্ত নয়?
(A) গরু (B) হরিণ (C) সাপ (D) হাতি

34. প্লাস্টার অফ প্যারিস এর সংকেত কী?
(A) $CaSO_4 \cdot 5H_2O$ (B) $CuSO_4 \cdot 5H_2O$
(C) $(CaSO_4)_2 \cdot H_2O$ (D) $CaSO_4 \cdot H_2O$

35. 2 এপ্রিল, 2008 কী বার ছিল?
(A) রবিবার (B) সোমবার (C) মঙ্গলবার (D) বুধবার

36. আন্তর্জাতিক যোগ দিবস কবে পালিত হয়?
(A) 21 জানুয়ারি (B) 22 এপ্রিল
(C) 21 জুন (D) 21 মার্চ

37. তড়িৎ শক্তির একক কী?
(A) অ্যাম্পিয়ার (B) ভোল্ট
(C) ওয়াট (D) কিলোওয়াট-ঘন্টা

38. $Na_2O$ হল একটি — অক্সাইড।
(A) ক্ষারীয় (B) আম্লিক
(C) আম্লিক-ক্ষারীয় (D) নিউট্রাল

39. একটি নৌকা প্রবাহের দিকে 5 ঘন্টার মধ্যে 35 কিমি. দূরত্ব পার করে ও ফিরে আসতে 7 ঘন্টা সময় নেয়। স্থির জলে নৌকার গতিবেগ কত?
(A) 6 কিমি /ঘন্টা (B) 7.5 কিমি /ঘন্টা
(C) 10.5 কিমি /ঘন্টা (D) 5.5 কিমি /ঘন্টা

40. নীচের কোনটি একটি মৌলিক সংখ্যা?
(A) 149 (B) 99 (C) 249 (D) 100

41. 'The Sun of Valour' উপাধিটি কার?
(A) প্রথম চন্দ্রগুপ্ত (B) সমুদ্রগুপ্ত
(C) স্কন্দগুপ্ত (D) কেউই নন

42. প্রথম বিশ্বকপ ফুটবল কবে আয়োজিত হয়েছিল?
(A) মন্টেভিডিও 1930 সালে (B) রিও 1934 সালে
(C) লন্ডন 1930 সালে (D) রোম 1934 সালে

43. শব্দের গ্রুপ থেকে অমিল শব্দটি বের করুন।
আঠালো, পেস্ট, তেল, সিমেন্ট
(A) সিমেন্ট (B) তেল (C) পেস্ট (D) আঠালো

44. 'নাইটওয়াচম্যান' কথাটি কোন খেলার সঙ্গে যুক্ত?
(A) টেনিস (B) পোলো (C) ক্রিকেট (D) হকি

45. 'Pond' এর সঙ্গে 'Water' সম্পর্কিত হলে, 'Mountain'এর সঙ্গে কোনটি সম্পর্কিত?
(A) Birds (B) Animals (C) Climb (D) Rocks

## উত্তর

1(A). 2(B). 3(C). 4(C). 5(B). 6(A). 7(A). 8(D). 9(A). 10(C). 11(B). 12(A). 13(C). 14(A). 15(C). 16(C). 17(D). 18(A). 19(C). 20(A). 21(A). 22(C). 23(C). 24(D). 25(B). 26(A). 27(A). 28(D). 29(A). 30(A). 31(D). 32(C). 33(C). 34(C). 35(D). 36(C). 37(D). 38(A). 39(A). 40(A). 41(A). 42(A). 43(B). 44(C). 45(D).

# অ্যাকাডেমিক অ্যাসোসিয়েশন, WBCS যার প্রতিশব্দ

## সদ্য প্রকাশিত WBCS-2019 Gr. C -এর রেজাল্টে অ্যাকাডেমিক অ্যাসোসিয়েশন থেকে মোট সফল ৩৪ জন

## GR. C

### Jt. BDO

### ACRO

### ACTO

### DAD CONSUMER AFFAIRS

### Jt Registrar/WB State Consumer/DRC

### WBCS 2019 Gr. C

| Category | Cut off Marks |
|---|---|
| UR | 781.1666 |
| BC (A) | 749.1667 |
| BC (B) | 751.3333 |
| SC | 711.6667 |
| ST | 649.6667 |
| SC (LD&CP) | 677.8334 |
| PH (LD&CP) | 692.3333 |
| PH (VH) | 571.1667 |

**INDIAN STATISTICAL SERVICE - 2020 (Rank -10)**
Conducted by UPSC
&
**WBRS (Gr. A), WBCS - 2019**

SUTAPA GHOSH

"ইন্ডিয়ান স্টাটিস্টিক্যাল সার্ভিসের মত প্রিমিয়াম চাকরির ক্ষেত্রেও প্রস্তুতিটা কিন্তু আমি কলকাতায় বসেই নিয়েছিলাম। ডব্লিউবিসিএস এবং ইউপিএসসি জেনারেল স্টাডিজ এর প্রস্তুতির জন্য সম্পূর্ণভাবে নির্ভর করেছি অ্যাকাডেমিক অ্যাসোসিয়েশনের উপর। অ্যাকাডেমিকের স্ক্যানার, জেনারেল সাজেশনের বই এবং মকটেস্ট থেকে ডব্লুবিসিএস এ প্রচুর প্রশ্ন কমন পেয়েছি। নতুন প্রার্থীদের বলবো, সোশ্যাল মিডিয়ার প্রতি আসক্তি কমিয়ে নিজের মতো করে পড়াশোনা করো। বিভিন্ন সার্ভিসের টপাররা কি বলল সেগুলোর উপর গুরুত্ব দিতে গেলে তোমার নিজের স্বকীয়তা নষ্ট হতে পারে। তুমি তোমার নিজের মত করে সাফল্যের সূত্রটা খুঁজে বার করো, প্রস্তুতিও নাও সেই মতো। পরিশেষে সামিম স্যারকে আরও একবার ধন্যবাদ, আমার প্রস্তুতির এই দীর্ঘ সময়ে সব সময় পাশে থাকার জন্য। — সুতপা ঘোষ

For me WBCS is not an examination, but a journey that requires patience, perseverance, discipline, emotional and personal satisfaction. I enjoyed it every bit of my four years-long journey and reached my destination. The mock test of Main examination and mock interview sessions were very much helpful for my preparation

**Chandra Biswas** (DSP, Rank - 2, WBCS-2019)

২০১৮ সাল থেকে ডব্লুবিসিএস এর প্রতি আমার পথচলা শুরু হয়। এই যাত্রাপথে মা, আব্বা ও আমার স্ত্রী স্বস্তিকার পর কেউ যদি আমার ছায়াসঙ্গী হয়ে থাকেন, তাহলে তারা হলেন সামিম স্যার ও সুতপা ম্যাম। তাদের অফুরন্ত অনুপ্রেরণা ও পথ প্রদর্শন ছাড়া আমার পক্ষে প্রথম প্রয়াসে এই পরীক্ষায় উত্তীর্ণ হয়ে ওঠা হতো না। এছাড়া অ্যাকাডেমিক অ্যাসোসিয়েশন-এর প্রতিটি শিক্ষক-শিক্ষিকা, স্টাফদের অবদান আমার এই সাফল্যে অনস্বীকার্য। রিয়াজ হুসেন, ACRO, WBCS - 2019

'If you really want something you will get it. Just this one line is my motto of my success. Academic Association has given me each and everything, required to be a WBCS officer. Every class, every mocktest, including class test, Preli-VST, Main VST, mock interviews and last but not the least the cordial friendly guidance of every faculty. Today I am very honoured to thank Sutapa Ma'am, Samim Sir specially and also thanks to all teacher, staff and faculties to change my life from nobody to somebody.

**Ipsita Bhattacharya, ACTO, WBCS - 2019**

'Aim of my career was to crack WBCS examination. I had started my preparation for WBCS examination at Academic Association. The journey was very difficult but Academic Association helped me throughout my journey. I'm very much thankful to the Hon'ble Samim Sir and Hon'ble Badrudujja Sir and all other faculty members of Academic Association for rendering immense help & support.

**Sampa Swarnakar, ACTO, WBCS - 2019**

২০১৮ থেকে আমি অ্যাকাডেমিক অ্যাসোসিয়েশনের মকটেস্ট এবং মক ইন্টারভিউ-এর নিয়মিত ছাত্র। নিয়মিত পরীক্ষার পরিবেশে মকটেস্ট, মেরিটলিস্ট প্রকাশ লিখিত পরীক্ষার প্রস্তুতির ত্রুটি বিশ্লেষণে এবং সময় নিষ্ঠা হতে অনেকখানি সাহায্য করেছে। মক ইন্টারভিউ-এর ক্ষেত্রে অসংখ্য সেশন, শিক্ষক মণ্ডলীদের অভিজ্ঞতা, ব্যক্তিগতস্তরে সমস্যা সমাধান এবং সর্বোপরি সামিম স্যারের তত্ত্বাবধানে ডব্লুবিসিএস পরীক্ষায় সাফল্যের ক্ষেত্রে যথেষ্ট সহায়ক হয়েছে।

**সুমন নন্দী, Jt Registrar/WB State Consumer/ DRC/ Registrar/WB/Dist/Consumer DRC/ WBCS-2019**

ডব্লুবিসিএস -এই যাত্রাপথটাকে সরল করতে অ্যাকাডেমিক অ্যাসোসিয়েশন-এর অবদান অনস্বীকার্য। পার্সোনালিটি টেস্ট-এর ক্ষেত্রে মক ইন্টারভিউ গুলি খুবই সাহায্য করেছে।

অরিন্দম সরকার, ACTO, WBCS - 2019

## নিশ্চিত সাফল্যের লক্ষ্যে WBCS-2022 এর ব্যাচে ভর্তি চলছে
### ব্যাচ শুরু ঃ ২৬ শে ডিসেম্বর, ২০২১

**কোর্স মডিউল**

- ক্লাসগুলি হয় লেসন প্ল্যান অনুযায়ী
- প্রতিদিন একটি করে ক্লাসটেস্ট
- প্রতি মাসের শেষে সব বিষয়ের উপর লেভেল টেস্ট যা আপনার প্রস্তুতির মূল্যায়ন করবে
- ওয়ান-টু-ওয়ান অ্যাটেনশন
- স্ট্রেস কাউন্সেলিং - টাইম ম্যানেজমেন্টের টিপস্
- বইয়ের মতো বাঁধানো স্মার্ট কনসাইজ স্টাডি ম্যাটেরিয়াল। প্রতিটি বিষয়ের উপর সাজেসটিভ স্টাডি ম্যাটিরিয়াল।
- প্রতি মাসের কারেন্ট অ্যাফেয়ার্স আপডেট
- প্রতিটি বিষয়ের কোয়েশ্চেন ব্যাঙ্ক অ্যাকাডেমিক প্রাকটিস সেট
- রাইটিং স্কিলের উপর বিশেষ ক্লাস
- অংক - জি-আই-এর বিশেষ ক্লাস
- অঙ্কে দুর্বল ছাত্র-ছাত্রীদের উপর বিশেষ ফোকাস
- ডব্লুবিসিএস স্ক্যানারের উপর বিশেষ ক্লাস
- প্রিলি এবং মেনসের আগে ২০০ নম্বরের প্রচুর মকটেস্ট যা আপনাকে এক্সাম রেডি করে তুলবে
- সামিম স্যারের বিশেষ স্ট্র্যাটেজি ক্লাস

**WBCS PRELIM MOCK TEST 2022 ব্যাচে ভর্তি চলছে। পোস্টাল কোর্স চালু আছে।**

প্রকাশঃ ৭ই জানুয়ারি, ২০২২




সমস্ত বুক স্টলে পাওয়া যাচ্ছে

# ACADEMIC ASSOCIATION

H.O. : 2, Surya Sen Street (College Square), Kolkata - 12

Study Center • College Street-9674478644 • Uluberia-9051392240 • Barasat-9073587432 • Berhampur-9474582569 • Darjeeling-9832841123 • Jhargram-7548992359

Website : www.academicassociation.com

(033)79650498
9038786000
9674478644

সাম্প্রতিক তথ্যে ভরা

# চিহ্নান

চাকরির পরীক্ষা সংক্রান্ত যাবতীয় প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।

এই বিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এই নম্বরে : karmajiggasa@gmail.com ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।

## পুলিশে চাকরির

■ *পশ্চিমবঙ্গ পুলিশ, স্টাফ সিলেকশন কমিশন জেনারেল ডিউটি পদে মেয়েদের জন্য কত উচ্চতা লাগে? পায়ের পাতা সমান হলে অসুবিধা হয় কি? — শম্পা রুদ্র, বলগানা, নিত্যানন্দপুর, ডাতার, পূর্ব বর্ধমান।*

■■ পশ্চিমবঙ্গ পুলিশে মেয়েদের বেলায় শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬০ সেমি। ওজন হতে হবে অন্তত ৪৯ কেজি। তপশিলী উপজাতিদের বেলায় লম্বায় অন্তত ১৫২ সেমি আর ওজন থাকতে হবে অন্তত ৪৫ কেজি। পশ্চিমবঙ্গ পুলিশের 'লেডি সাব-ইন্সপেক্টর (আন-আর্মড)' পদের বেলায় শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬০ সেমি, ওজন অন্তত ৪৮ কেজি। স্টাফ সিলেকশন কমিশনের আট বাহিনীর জেনারেল ডিউটি পদের বেলায় মহিলাদের বেলায় লম্বায় অন্তত ১৫৭ সেমি।

■ *সিভিল ডিফেন্সে অগ্রগামী পদের পরীক্ষা কবে হবে? এই পরীক্ষায় কী কী বিষয় থাকবে? — শুভঙ্কর রায়, অজ্ঞামানিক, বাদুড়িয়া, উত্তর ২৪ পরগনা।*

■■ সিভিল ডিফেন্স অর্গানাইজেশনের অগ্রগামী পদের লিখিত পরীক্ষা হবে ২৬ ডিসেম্বর, বেলা ১২টা থেকে ১টা পর্যন্ত। ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইটে : www.wbpolice.gov.in ৮৫ নম্বরের লিখিত পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) জেনারেল অ্যাওয়ারনেস ও জেনারেল নলেজ -৬০ নম্বর*(খ) অ্যারিথমেটিক (মাধ্যমিক মানের) -২৫ নম্বর। নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। সময় থাকবে ১ ঘণ্টা। প্রশ্ন হবে বাংলা ভাষায়। মেন পরীক্ষায় কোয়ালিফাই করলে ১৫ নম্বরের ইন্টারভিউ হবে।

■ *অবশ্যারি দফতরের কনস্টেবল পদের লিখিত পরীক্ষা কবে হবে? — পলাশ বাগচী, উত্তর দিনাজপুর।*

■■ এক্সাইজ কনস্টেবল পদের লিখিত পরীক্ষা হবে ২ জানুয়ারি, বেলা ১২টা থেকে ১.৩০টা পর্যন্ত। ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইটে : www.wbpolice.gov.in

## স্কুল সার্ভিসের

■ *ডিগ্রি কোর্সে ৫০% নম্বর নেই। কিন্তু উচ্চমাধ্যমিকে ৫০% নম্বর আছে। ডি.এল.এড. কোর্স করা আছে। আপার প্রাইমারির জন্য যোগ্য কি? — অয়ন পাল, গোবরডাঙ্গা, উত্তর ২৪ পরগনা। অনিমেষ দাস, গোবরডাঙ্গা, উত্তর ২৪ পরগনা।*

■■ হ্যাঁ, যোগ্য।

■ *স্কুল সার্ভিস কমিশনের আপার প্রাইমারি পদের জন্য কেমন যোগ্যতা লাগে? ডি.এল.এড. কোর্স পাশ করেছি কিন্তু ডিগ্রি কোর্সে ৫০% নম্বর নেই। দরখাস্ত করতে পারব কি? — প্রিতম মন্ডল, হুগলি। পার্থ দত্ত, বসিরহাট, উত্তর ২৪ পরগনা। এস. কে. চৌধুরী।*

■■ নীচের যে কোনো একটি যোগ্যতা থাকলে আপার প্রাইমারি পদের জন্য যোগ্য। যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা এলিমেন্টারি এডুকেশনের ডিপ্লোমা কোর্স পাশ হলে যোগ। মোট অন্তত ৫০% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা বি.এড. / স্পেশাল বি.এড. কোর্স পাশ হলে যোগ্য। মোট অন্তত ৫০% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে উচ্চমাধ্যমিক পাশরা ৪ বছরের বি.এল.এড. কোর্স পাশ হলে।

## পি.এস.সি.'র

■ *২০১৯ সালের ডব্লু.বি.সি.এস. 'সি' গ্রুপের ফল বেরিয়েছে কি? এই গ্রুপে ক'টি শূন্যপদ আছে? — প্রতিমা বসাক, বারাসাত, উত্তর ২৪ পরগনা।*

■■ পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের ২০১৯ সালের ডব্লু.বি.সি.এস. (এক্সিকিউটিভ) পদের গ্রুপ-সি'এর চূড়ান্ত ফল বেরোল। এই গ্রুপে সফল হয়েছে ১৬১ জন প্রার্থী। এর মধ্যে জেনাঃ ৮৫, ও.বি.সি.-এ ক্যাটেগরি ১৬, ও.বি.সি. - বি ক্যাটেগরি ১১, তঃজাঃ ৩৬, তঃউঃজাঃ ৯, দৃষ্টিহীন প্রতিবন্ধী ২, প্রতিবন্ধী (এল.ডি. অ্যান্ড সি.পি) ১, এস.সি. (এল.ডি. অ্যান্ড সি.পি) ১টি। মোট শূন্যপদের মধ্যে জয়েন্ট বি.ডি.ও. পদে সফল ৬৭ জন, কনজিউমার্স অ্যাফেয়ার্সে (ডেপুটি অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর) ৬ জন, অ্যাসিস্ট্যান্ট কমার্শিয়াল ট্যাক্স অফিসার (এ.সি.টি.ও.) পদে ৬৮ জন, জয়েন্ট রেজিস্ট্রার (ওয়েস্ট বেঙ্গল স্টেট কনজিউমার্স ডিসপিউট রিড্রেশাল কমিশন অ্যান্ড রেজিস্ট্রার) পদে ১৫ জন, অ্যাসিস্ট্যান্ট ক্যানাল রেভেনিউ অফিসার পদে ২ জন, চিপ কন্ট্রোলার অফ কারেকশন সার্ভিসে ৩ জন। এই গ্রুপে কাট অফ নম্বর হয়েছে জেনারেল প্রার্থীদের বেলায় ৭৮১.১৬৬৬, ও.বি.সি.-এ ক্যাটেগরি প্রার্থীদের বেলায় ৭৪৯.১৬৬৭, ও.বি.সি. - বি ক্যাটেগরি প্রার্থীদের বেলায় ৭৫১.৩৩৩৩, তপশিলী জাতির প্রার্থীদের বেলায় ৭১১.৬৬৬৭, তপশিলী উপজাতি প্রার্থীদের বেলায় ৬৪৯.৬৬৭, এস.সি. (এল.ডি অ্যান্ড সি.পি.) ৬৭৭.৮৩৩৪, প্রতিবন্ধী (এল.ডি অ্যান্ড সি.পি) ৬৯২.৩৩৩৩, প্রতিবন্ধী (ভি.এইচ) ৫৭১.১৬৬৭। সফলদের তালিকা পাবেন এই ওয়েবসাইটে : wbpsc.gov.in

## রেলে চাকরির

■ *চশমা আছে। চশমা পড়ে দৃষ্টিশক্তি স্বাভাবিক। রেলের গ্রুপ-ডি পদের জন্য যোগ্য কি? — সুমন মন্ডল, তেহট্ট, নদিয়া।*

■■ হ্যাঁ, যোগ্য।

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা এক নজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| চন্ডীগড়ের গভঃ মেডিক্যাল কলেজে নার্স | নার্সিং পাশ | ১৬২ | ২৭-১২-২১ | http://gmch.gov.in |
| বর্ডার সিকিউরিটি ফোর্সে কনস্টেবল, হেড কনস্টেবল | আই.টি.আই. | ৭২ | ২৯-১২-২১ | https://rectt.bsf.gov.in |
| বিমানবাহিনীতে অফিসার | গ্র্যাজুয়েট | ৩১৭ | ৩০-১২-২১ | www.careerindianairforce.cdac.in |
| ইউ.জি.সি.'র 'নেট' পরীক্ষার মাধ্যমে লেকচারার | পোস্ট-গ্র্যাজুয়েট পাশ | - | ২-১-২২ | www.csirnet.nta.nic.in |
| এন.বি.সি.সি. লিমিটেডে ম্যানেজমেন্ট ট্রেনি | গ্র্যাজুয়েট | ৫৫ | ৮-১-২২ | www.nbccindia.com |
| প্রতিরক্ষা সংস্থায় সাব-ডিভিশনাল অফিসার | মাধ্যমিক ও সার্ভেয়িং | ৮৯ | ১৫-১-২২ | https://barrackpore.cantt.gov.in |
| স্টেট ব্যাঙ্কে অফিসার | গ্র্যাজুয়েট | ১,২২৬ | ২৯-১২-২১ | https://bank.sbi/careers |
| আই.সি.এ.আর.-ইন্ডিয়ান অ্যাগ্রিকালচারাল রিসার্চ ইন্সটিটিউটে টেকনিশিয়ান | মাধ্যমিক | ৬৪১ | ১০-১-২২ | www.iari.res.in |
| আর্মিতে টেকনিক্যাল অফিসার | ডিগ্রি কোর্স পাশ | ৪০ | ৪-১-২২ | www.joinindianarmy.nic.in |
| ভারত ইলেক্ট্রনিক্সে ইঞ্জিনিয়ার | ডিগ্রি পাশ | ৮৪ | ৩১-১২-২১ | www.bel-india.in |

## ক্লার্কশিপের মেধা তালিকায়

১ পাতার পর

স্ক্যান করে আপলোড করতে হবে এই ওয়েবসাইটে : https://wbpsc.examsonline.co.in যে সব প্রমাণপত্র আপলোড করতে হবে : (১) সম্প্রতি তোলা পাশপোর্ট মাপের রঙিন ফটো, (২) আধার কার্ড / ভোটার কার্ড / পাশপোর্ট / ড্রাইভিং লাইসেন্স, (৩) মাধ্যমিকের অ্যাডমিট কার্ড, (৪) মাধ্যমিকের মার্কশীট ও সার্টিফিকেট, (৫) কাস্ট সার্টিফিকেট, (৬) ও.বি.সি.-দের বেলায় নন-ক্রিমিলেয়ার (এন.সি.এল.) সার্টিফিকেট, (৭) মেধাবী খেলোয়াড় /প্রাঃসঃকঃ-দের বেলায় উপযুক্ত সার্টিফিকেট, (৮) প্রতিবন্ধী সার্টিফিকেট, (৯) অনলাইন ডকুমেন্টস ভেরিফিকেশন ফর্ম (ওয়েবসাইট থেকে প্রিন্ট করে নেবেন)।

ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে এইসব স্ক্যান করা প্রমাণপত্র আপলোড করতে হবে ৫ জানুয়ারির মধ্যে। কোনো প্রার্থী ওইসব প্রমাণপত্র আপলোড না করলে তার প্রার্থীপদ বাতিল হবে। টাইপিং টেস্ট জানুয়ারির শেষ সপ্তাহ না হলে ফেব্রুয়ারিতে শুরু হবে।

প্রসঙ্গত উল্লেখ্য, ২০১৯ সালের ক্লার্কশিপ পার্ট-।। পরীক্ষার প্রথম পর্যায়ের ফল বেরোয় এবছর ২৪ সেপ্টেম্বর। ওই তালিকায় নাম ছিল ৬,৮৬২ জন প্রার্থীর। ফল বেরোনোর কিছুক্ষণ পরেই সোশ্যাল মিডিয়ায় পি.এস.সি. সমালোচনার মুখে পড়ে ও প্রচুর প্রার্থী পি.এস.সি. অফিসে ফোন করে ও ই-মেল করে অভিযোগ জানায়। তাঁদের অভিযোগ ছিল ভালো পরীক্ষা দেওয়া সত্ত্বেও তাঁদের নাম তালিকায় না থাকার জন্য ও শূন্যপদ অনুযায়ী তালিকা না বেরোনোর জন্য। পি.এস.সি. তড়িঘড়ি সিদ্ধান্ত নিয়ে ওই তালিকা ওয়েবসাইট থেকে তুলে নেয় ও ওই তালিকা বাতিল ঘোষণা করে। পি.এস.সি. তারপর রিভাইজড তালিকা বের করে ৩০ সেপ্টেম্বর। ওই তালিকায় নাম প্রকাশ করা হয় ৫৫,০৫৬ জন প্রার্থীর। এখন ওই তালিকা থেকে ৯,৬৯৩ জনের নামের তালিকা প্রকাশ করে ১৬ ডিসেম্বর।

প্রত্যেক প্রার্থীর পার্ট-। ও পার্ট-।। পেপারে পাওয়া নম্বর গড় করে র‍্যাঙ্ক অনুযায়ী তালিকা দেওয়া হয়েছে। যে সব প্রার্থীর গড় নম্বর একই, তাঁদের ক্ষেত্রে পার্ট-।।-তে পাওয়া নম্বর, পার্ট-।।-এর ইংরিজি বিষয়ে পাওয়া নম্বর ও বয়সের সিনিয়রিটি দেখে টাইপিং টেস্টে ডাকা হবে। মোট শূন্যপদ আছে ৭,২২৭টি। এর মধ্যে জেনারেল ২,৯৭১টি, তঃজাঃ ১৪০৬টি, তঃউঃজাঃ ৪৩০টি, ও.বি.সি.-এ ক্যাটেগরি ৭১৬টি, ও.বি.সি.-বি ক্যাটেগরি ৫০৫, প্রতিবন্ধী (এল.ভি.)-১২০, প্রতিবন্ধী (এল.ডি.সি.পি.)-৮৯টি, প্রতিবন্ধী (বধির) -১০৯, মেধাবী খেলোয়াড় -১৮৬, তঃজাঃ (এল.ডি.সি.পি.)-৬০টি, প্রাঃসঃকঃ ৪৭৬টি, প্রাঃসঃকঃ (তঃজাঃ) -১৫৯টি।

## ২৭ জুনিয়র টেকনিশিয়ান

১ পাতার পর

**জুনিয়র টেকনিশিয়ান (প্রিন্টিং)** : আই.টি.আই. থেকে লিথো অফসেট মেশিন মিন্ডার, প্রেসি মেশিন মিন্ডার, অফসেট প্রিন্টিং, প্লেটমেকিং, ইলেক্ট্রোপ্লেটিং, প্লেট মেকার কাম ইমপোজিটর, হ্যান্ড কম্পেজিং ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা১ বছরের ন্যাশনাল অ্যাপ্রেন্টিশশিপ সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ২৫টি (জেনাঃ ১৫, ই.ডব্লু.এস. ৩, তঃজাঃ ২, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৩)। এর মধ্যে প্রতিবন্ধী ১, প্রাঃসঃকঃ ৪।

**ফায়ারম্যান** : মাধ্যমিক পাশরা ফায়ারম্যান ট্রেনিংয়ের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ৫ ফুট ৫ ইঞ্চি, বুকের ছাতি না-ফুলিয়ে ৩১ ইঞ্চি ও ফুলিয়ে ৩৩ ইঞ্চি। স্বাভাবিক দৃষ্টিশক্তি হতে হবে। শূন্যপদ : ২টি (জেনাঃ)।

সব ক্ষেত্রে বয়স গুণতে হবে ১-৭-২০২১'এর হিসাবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ১৮,৭৮০-৬৭,৩৯০ টাকা। শুরুতে ১ বছরের প্রবেশন। এই পদের বিজ্ঞপ্তি নং : 02/2021. প্রার্থী বাছাই হবে অনলাইন লিখিত পরীক্ষার মাধ্যমে। অবজেক্টিভ টাইপের পরীক্ষায় ১৬০ নম্বরের ১৬০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : রিজনিং, জেনারেল অ্যাওয়ারনেস, ইংলিশ ল্যাঙ্গোয়েজ, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউট। প্রতিটি পার্টে থাকবে ৪০ নম্বরের ৪০টি প্রশ্ন। সময় ৯০ মিনিট।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৫ জানুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : http://spphyderabad.spmcil.com এজন্য পাশপোর্ট মাপের ফটো, সিগনেটার, লেফট থাম্ব ইমপ্রেশন স্ক্যান করে নেবেন। এছাড়াও নিজের হাতের লেখায় নিচের ডিক্লারেশন (সাদা কাগজে) লিখে স্ক্যান করে নেবেন : 'I..... (Name of the candidate), hereby declare that all the information submitted by me in the application form is correct, true and valid. I will present the supporting documents as and when required'. প্রথমে ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে আর স্ক্যান করা প্রমাণপত্র আপলোড করে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ৬০০ টাকা অনলাইনে জমা দেবেন। তপশিলী, প্রতিবন্ধীদের ফী লাগবে না। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত জানতে পারবেন ওই ওয়েবসাইটের মূল বিজ্ঞপ্তিতে।

## কেন্দ্রীয় সংস্থায় ১৭৪

১ পাতার পর

**অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার কোয়ালিটি অ্যাসিওরেন্স (ইলেক্ট্রিক্যাল)** : ইলেক্ট্রিক্যাল বা, ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা আবেদন করতে পারেন। ইঞ্জিনিয়ারিংয়ের কাজে অন্তত ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। পে স্কেল লেভেল -৭ম পে ম্যাট্রিক্স। শূন্যপদ : ৭৪টি (জেনাঃ ৩৬, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ২০, তঃজাঃ ১১, তঃউঃজাঃ ৬)। চাকরি হবে ডিপার্টমেন্ট অফ ডিফেন্স প্রোডাকশন-এ।

**ভ্যাকান্সি নং : 21121904625: অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার কোয়ালিটি অ্যাসিওরেন্স (জেনেটিক্স)** : ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা আবেদন করতে পারেন। ফিজিক্স, কেমিস্ট্রি (ইনঅর্গানিক) বা, কেমিস্ট্রি (অর্গানিক)-এর মাস্টার ডিগ্রি কোর্স পাশরাও আবেদনের যোগ্য। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। পে স্কেল লেভেল -৭ম পে ম্যাট্রিক্স। শূন্যপদ : ৫৪টি (জেনাঃ ২৫, ই.ডব্লু.এস. ২, ও.বি.সি. ১৫, তঃজাঃ ৮, তঃউঃজাঃ ৪)। চাকরি হবে ডিপার্টমেন্ট অফ ডিফেন্স প্রোডাকশন-এ।

**ভ্যাকান্সি নং : 21121905425: জুনিয়র টাইম স্কেল** : যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা সোশ্যাল ওয়ার্ক, লেবার ওয়েলফেয়ার, ইন্ডাস্ট্রিয়াল রিলেশন্স, পার্সোনেল ম্যানেজমেন্ট, লেবার ল'এর ডিপ্লোমা কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ৩৫ বছরের মধ্যে। পে স্কেল লেভেল -১০ম পে ম্যাট্রিক্স। শূন্যপদ : ১৭টি (জেনাঃ ৮, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৫, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১)। চাকরি হবে সেন্ট্রাল লেবার সার্ভিসে।

ওপরের সব পদের বেলায় প্রার্থী বাছাই করবে 'ইউনিয়ন পাব্লিক সার্ভিস কমিশন'। এজন্য প্রথমে স্ক্রিনিং টেস্ট হবে। তারপর হবে ইন্টারভিউ। এই পদের বিজ্ঞপ্তি নং : 19/2021.

দরখাস্ত করবেন অনলাইনে, ১৩ জানুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : www.upsconline.nic.in কোন পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, প্রার্থী বাছাই পদ্ধতি ইত্যাদি পাবেন ওই ওয়েবসাইটে। প্রার্থীদের দরখাস্ত করার আগে মূল বিজ্ঞপ্তি দেখে দরখাস্ত করবেন।

## ইউ.পি.এস.সি.'র কম্বাইন্ড ডিফেন্স সার্ভিস পরীক্ষার দরখাস্ত নেওয়া শুরু

ইউনিয়ন পাব্লিক সার্ভিস কমিশনের ২০২২ সালের কম্বাইন্ড ডিফেন্স সার্ভিস (।) পরীক্ষা হবে আগামী বছর ১০ এপ্রিল। যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা যোগ্য। অনলাইনে দরখাস্ত করার শেষ তারিখ ১১ জানুয়ারি। বিস্তারিত তথ্য থাকবে আগামী সংখ্যায় কিংবা পাবেন এই ওয়েবসাইটে : http://upsconline.nic.in

## সরকারি বিশ্ববিদ্যালয় স্বীকৃত ৬ কর্মমুখী পেশাদার কোর্সে ভরতি

**সৈকত হালদার, কলকাতা :** ভারত সেবাশ্রম সঙ্ঘের প্রণবানন্দ ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট অ্যান্ড টেকনোলজি পশ্চিমবঙ্গ সরকারের মৌলানা আবুল কালাম আজাদ ইউনিভার্সিটি টেকনোলজি (ম্যাকাউট) স্বীকৃত ৬টি কর্মমুখী পেশাদার কোর্সে ভরতি নিচ্ছে। এই সব কোর্স হল — (১) ফিজিওথেরাপি টেকনোলজি (২) আই ( ভিশন) টেকনিশিয়ান (৩) হেলথকেয়ার টেকনোলজি ম্যানেজমেন্ট (৪) অ্যানিম্যাল ফার্ম টেকনোলজি ম্যানেজমেন্ট (৫) ফ্যাশন ডিজাইন টেকনোলজি ম্যানেজমেন্ট (৬) নেচারোপ্যাথি, যোগা, ওয়েলনেস ম্যানেজমেন্ট। উচ্চ মাধ্যমিক বা সমতুল কোর্স পাশরা ভরতির জন্য আবেদন করতে পারেন। সব কোর্সের মেয়াদ ২ বছর (এর মধ্যে আছে থিওরি, প্র্যাক্টিক্যাল, প্রোজেক্ট ও কমিউনিটি ট্রেনিং)। পি আই এম টি-র অধ্যক্ষ অধ্যাপক প্রবীর কুমার দে জানান, শিক্ষার্থীদের কাজের ক্ষেত্রে দক্ষতা বাড়ানোর জন্য সব কোর্সের সঙ্গে শেখানো হবে কম্পিউটার ও কমিউনিকেটিভ ইংলিশ। ডিগ্রি কোর্স পড়ার পাশাপাশি ওই একই বছরে এইসব কোর্স করতে পারবেন। সব কোর্সে সফল হওয়ার পর চাকরির সুযোগ রয়েছে। তবে, আমাদের মূল লক্ষ্য প্রার্থীদের স্বনির্ভরতায় সাহায্য করা। যার মাধ্যমে আরো বেশি কাজের সুযোগ তৈরি হয়। সারা বাংলার ছেলেমেয়েদের কাজের দিশা দেখাতে আমরা কাজ করে চলেছি।

ওপরের সব কোর্স পড়ানো হবে এই সব স্টাডি সেন্টারে : বালিগঞ্জ, মানিকতলা, লেক টাউন, বারাকপুর, খাতড়া বাঁকুড়া, কল্যাণী-নদিয়া, দুর্গাপুর, সোনারপুর-রাজপুর, কনগাঁ। অনলাইন/অফলাইনে ভরতি চলছে। আগে আসার ভিত্তিতে ওপরের সব কোর্সে ভরতি নেওয়া হবে। যোগাযোগ করতে হবে এই নম্বরে- ৯৩৩১২৫৬৯৩৪/ ৯৮৩০২১৬০৫৬, অথবা ওয়েবসাইটে : www.pimtonline.in, ই-মেল : pimtonline@gmail.com

## ৪১৪ জুনিয়র ইঞ্জিনিয়ার

১ পাতার পর

